

📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৩৪]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৭১. বিকলাঙ্গ, বার্ধক্য ইত্যাদির কারণে অক্ষম ব্যক্তির পক্ষ হতে অথবা মৃত ব্যক্তির পক্ষ হতে হজ্জ সম্পাদন

باب الْحَجِّ عَنِ الْعَاجِزِ، لَزِمَانَةٍ وَهَرَمٍ وَنَحْوِهِمَا أَوْ لِلْمَوْتِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ ابْنِ شِهَابٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، أَنَّهُ قَالَ كَانَ الْفَضْلُ بْنُ عَبَّاسٍ رَدِيفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَاءَتْهُ امْرَأَةٌ مِنْ خَتَمِ تَسْتَفْتِيهِ فَجَعَلَ الْفَضْلُ يَنْظُرُ إِلَيْهَا وَتَنْظُرُ إِلَيْهِ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْرِفُ وَجْهَ الْفَضْلِ إِلَى الشَّقِ الْأَخْرِ . قَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَرِيضَةَ اللَّهِ عَلَى عِبَادِهِ فِي الْحَجِّ أَدْرَكَتْ أَبِي شَيْخًا كَبِيرًا لَا يَسْتَطِيعُ أَنْ يَثْبُتَ عَلَى الرَّاحِلَةِ أَفَأَحُجُّ عَنْهُ قَالَ " نَعَمْ " . وَذَلِكَ فِي حَجَّةِ الْوَدَاعِ .

বাংলা

৩১৪২-(৪০৬/১৩৩৪) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) 'আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ফাযল ইবনু আব্বাস (রাযিঃ) সওয়ারীতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে উপবিষ্ট ছিলেন। এমতাবস্থায় খাস'আম গোত্রের এক মহিলা তার নিকট মাসআলাহ জিজ্ঞেস করতে আসলো। ফাযলও তার দিকে তাকাচ্ছিল এবং মহিলাটিও ফাযলের দিকে তাকাচ্ছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাযল এর মুখমণ্ডল অন্যদিকে ঘুরিয়ে দিলেন। মহিলাটি বলল, হে আল্লাহর রসূল! আল্লাহ তার বান্দাদের উপর যে হাজ্জ (হজ্জ/হজ) ফারয (ফরয) করেছেন- তা আমার বৃদ্ধ পিতার উপরও ফারয (ফরয) হয়েছে, কিন্তু তিনি বাহনের উপর অবস্থান করতে অক্ষম। আমি কি তার পক্ষ থেকে হাজ্জ (হজ্জ/হজ) করতে পারি? তিনি বললেনঃ হ্যাঁ। এটা বিদায় হাজ্জের (হজ্জের/হজের) সময়কার ঘটনা * (ইসলামিক ফাউন্ডেশন ৩১১৭, ইসলামীক সেন্টার ৩১১৪)

English

'Abdullah b. 'Abbas reported that while al-Fadl b. Abbas had been riding behind Allah's Messenger (ﷺ) a women of the tribe of Khath'am came to him (to the Holy Propet) asking for a religious verdict. Fadl looked at her

and she looked at him. Allah's Messenger (ﷺ) turned the face of al-Fadl to the other side. She said:

Messenger of Allah, there is an obligation from Allah upon His servants in regard to Hajj. (But) my father is an aged man; he is incapable of riding safely. May I perform Hajj on his behalf? He said: Yes. It was during the Farewell Pilgrimage.

ফুটনোট

* এ হাদীস হতে কয়েকটি মাসআলা প্রমাণিত হয়- (১) এ সওয়ারীর উপর দু'জন মানুষের আরোহণ করা জাযিয়, (২) প্রয়োজন হলে অপরিচিত মহিলার কণ্ঠ শ্রবণ করা বৈধ, (৩) অপরিচিত মহিলার প্রতি দৃষ্টিপাত করা হারাম, (৪) হাতের দ্বারা সং কাজের আদেশ কর, যেমন রসূল নিজ হতে ফায়ল (রাযিঃ) এর চেহারা ফিরিয়ে দিলেন, (৫) অক্ষম ব্যক্তির পক্ষ হতে হাজ আদায় বৈধ, ঐ রকমই মৃতের পক্ষ হতে আদায় করাও বৈধ, (৬) পুরুষের পক্ষ হতে মহিলার হাজ্জ করা বৈধ, পিতা-মাতার খিদমাত করা তাদের পক্ষ হতে হাজ্জ (হজ্জ/হজ) আদায় এবং তাদের ভরণ-পোষণের ব্যবস্থা করা অত্যাৱশ্যক, (৭) যে ব্যক্তির উপর হাজ্জ (হজ্জ/হজ) ফারয (ফরয) হয়েছে কিন্তু সফর করার ক্ষমতা নেই সে অন্যকে দিয়ে হাজ্জ (হজ্জ/হজ) করিয়ে নিতে পারে, এটা ইমাম শাফিঈ এবং অধিকাংশ উলামার অভিমত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=50225>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন